

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-২৪৫৭

কৈলাসহর, ১৪ জানুয়ারি, ২০২৫

শৈবতীর্থ উনকোটিতে ২ দিনব্যাপী মকর সংক্রান্তি মেলার উদ্বোধন

শৈবতীর্থ উনকোটিতে গতকাল সন্ধ্যায় ২ দিনব্যাপী ঐতিহ্যবাহী মকর সংক্রান্তি মেলার উদ্বোধন হয়। মেলার উদ্বোধন করেন উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু দাস। মেলার উদ্বোধন করে তিনি বলেন, শৈবতীর্থ উনকোটি যেমন এক আকর্ষণীয় পর্যটন কেন্দ্র, তেমনি পবিত্র তীর্থস্থানও। মকর সংক্রান্তি উপলক্ষে বিভিন্ন সম্প্রদায়ের মানুষের মিলনে উনকোটি হয়ে উঠে মানুষের মিলন মেলা। তিনি বলেন, উনকোটি পর্যটন কেন্দ্রের পরিকাঠামো উন্নয়নে সরকার উদ্যোগ নিয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কৈলাসহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা দেবরায়। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিধায়ক বীরজিৎ সিংহ, উনকোটি জিলা পরিষদের সদস্য শ্যামল দাস, তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা বিশ্বজিৎ দেব প্রমুখ। স্বাগত বক্তব্য রাখেন কৈলাসহর মহকুমার মহকুমা শাসক প্রদীপ সরকার। ধন্যবাদ জ্ঞাপন করেন মহকুমা কল্যাণ আধিকারিক মত্রিঙ্গন দেববর্মা। ২ দিনব্যাপী মকর সংক্রান্তি উপলক্ষে বিভিন্ন দপ্তরের প্রদর্শনী স্টল খোলা হয় এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সারা রাতব্যাপী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

\*\*\*\*\*